দৈনিক বাংলা

তারিখ 2 8 OCT 1992
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

32

# বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় গঠন বিবেচনাধীন ঃ খালেদা জিয়া

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন দেখাশোনার জন্য সরকার পৃথক মন্ত্রণালয় গঠনের বিষয়টি গভীরভাবে বিবেচনা করছেন।

বাংলাদেশ বিজ্ঞান একাডেমীর সভাপতি প্রফেসর ইন্নাস আলীর নেতৃত্বে বিজ্ঞানীদের

(৭-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বিজ্ঞান ও প্রযুক্তি

(প্রথম পৃষ্ঠার পর)

১৩ সদস্যের একটি প্রতিনিধিদল মঙ্গলবার প্রধানমন্ত্রীর অফিসে তার সঙ্গে দেখা করতে গেলে তিনি একথা বলেন।

এর আগে প্রফেসর ইন্নাস আলী বিজ্ঞানকে উন্নয়নের চাবিকাঠি হিসাবে বর্ণনা করে এর জন্য একটি পৃথক মন্ত্রণালয়ের প্রয়োজনীয়তা সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। খবর বাসস'র।

বৈঠকে প্রফেসর আলী শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আমলে বিজ্ঞান ও কারিগরি মন্ত্রণালয় গঠনের কথা উল্লেখ করেন। এরশাদের আমলে তা শিক্ষা মন্ত্রণালয়ের অন্তর্ভুক্ত করা হয়।

তিনি বলেন, জিয়াউর রহমানের সময় একটি জাতীয় বিজ্ঞান নীতি ঘোষণা করা হয়েছিল। ৯ বছরের স্বৈরাচারী শাসনামলে বিজ্ঞান ও বিজ্ঞানীদের উপেক্ষা করা হয়েছে বলে প্রফেসর আলী উল্লেখ করেন।

প্রতিনিধিদলের অন্যান্য সদস্যরা হলেন— ডঃ এম এ ওয়াজেদ মিয়া, প্রফেসর আমিনুল ইসলাম, ডঃ জামিলুর রেজা চৌধুরী, প্রফেসর এ এম হারুনুর রশিদ, প্রফেসর এস এন নবী, হারুনুর রশিদ, জোনাব আলী, ডঃ এম এ মান্নান (বিএইসি), ডঃ এস সুজায়েত আলী, ডঃ এম ওয়ালিউজ্জমান, ডঃ এম এ মান্নান (পিজি) ও ডঃ শমসের আলী।